



## দ্বিতীয় বিয়ে নিয়ে মুখ খুললেন রফিকুল ইসলাম মাদানী



রফিকুল ইসলাম মাদানী। ছবি: সংগৃহীত

নিজের দ্বিতীয় বিয়ে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে বিস্তারিত বক্তব্য দিয়েছেন মারকাযু শাহাবুদ্দিন আল ইসলামি মাদ্রাসার প্রতিষ্ঠাতা মুহতামিম ও ইসলামি বক্তা মাওলানা রফিকুল ইসলাম মাদানী। বুধবার (৬ মে) সকালে তার ভেরিফাইড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি নিজেই বিষয়টি নিশ্চিত করেন। ওই পোস্টে তিনি বলেন, আল্লাহতীতি এবং গোনাহ থেকে নিজেকে দূরে রাখার লক্ষ্যেই জীবনের এই কঠিন সিদ্ধান্ত নিয়েছেন। তার ভাষ্য অনুযায়ী, সমাজে অনেকেই বিবাহিত থাকার পরও গোপনে হারামে জড়িয়ে পড়েন; কিন্তু তিনি সেই পথে না গিয়ে শরিয়তের সীমার ভেতরে থেকেই হালাল জীবনযাপন করতে চেয়েছেন। দ্বিতীয় বিয়ের কারণে প্রথম স্ত্রীর (আহলিয়া) মানসিক কষ্টের বিষয়টিও তিনি স্পষ্টভাবে তুলে ধরেন। তিনি উল্লেখ করেন, এ নিয়ে ভাবলে তার নিজেরও ভীষণ কষ্ট হয়। দীর্ঘ সময় ধরে তিনি স্ত্রীকে বিষয়টি বোঝানোর চেষ্টা করেছেন এবং আল্লাহর কাছে দোয়া করেছেন, যেন তার স্ত্রীর মন নরম হয়। একই সঙ্গে তিনি জানান, আড়াই বছরের দাম্পত্য জীবনে তাদের মধ্যে কোনো অভিযোগ বা অশান্তি ছিল না; বরং তারা সুখেই ছিলেন। তবে বর্তমানে তারা একটি কঠিন পরীক্ষার মুখোমুখি। ইসলামি শরিয়তে একাধিক বিয়ের ক্ষেত্রে সমতা বা ইনসাফ বজায় রাখাকে সবচেয়ে গুরুত্বপূর্ণ শর্ত হিসেবে উল্লেখ করে তিনি বলেন, আল্লাহ যেন তাকে সেই দায়িত্ব সঠিকভাবে পালনের তাওফিক দেন। যাতে কারও হক নষ্ট না হয় এবং কোনো স্ত্রীর ওপর জুলুম না হয়—এই কামনাও করেন তিনি। পোস্টের শেষ অংশে তিনি তার দুই পরিবারের জন্য সবার কাছে দোয়া চান। একই সঙ্গে আশা প্রকাশ করেন, আল্লাহ তাদের সবাইকে ধৈর্য দান করবেন এবং বিষয়টি সহজভাবে মেনে নেওয়ার শক্তি দেবেন।